# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৫৮৭

২৪/ বিবাহ ও দাম্পত্য

পরিচ্ছেদঃ দাম্পত্য ও সংসার

## আরবী

## বাংলা

(২৫৮৭) আয়েশা (রাঃ) যখন ছোট ছিলেন, তখন কাপড়ের তৈরি পুতুল নিয়ে খেলা করতেন। তার মধ্যে একটি ঘোড়া ছিল, যার দু'টি ডানা ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা দেখে বললেন, 'এটা কী?' আয়েশা বললেন, 'ঘোড়া।' তিনি বললেন,

فَرَسٌ لَهُ جَنَاحَانِ قَالَتْ أَمَا سَمِعْتَ أَنَّ لِسُلَيْمَانَ خَيْلاً لَهَا أَجْنِحَةٌ قَالَتْ فَضَحِكَ حَتَّى رَأَيْتُ نَوَاجِذَهُ

'ঘোড়ার আবার দু'টি ডানা?' আয়েশা বললেন, 'আপনি কি শুনেননি, সুলাইমান (নবী)র ডানা-ওয়ালা ঘোড়া ছিল?' এ কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসলেন এবং সে হাসিতে তাঁর চোয়ালের দাঁত দেখা গেল।

## ফুটনোট

(আবু দাউদ ৪৯৩৪, মিশকাত ৩২৬৫, সহীহ সনদে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66335

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন